# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com


নম্বর ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.১৪১; তারিখঃ ১৮ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

**বিগত ১৭/০৪/২৩ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরনী।**

বিগত ১৭/০৪/২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ৪র্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা। সভার উপস্থিতি তালিকা ***সংযুক্তি-০১***। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর কমিটির সদস্য সচিব, জনাব আবু নাসের মোঃ কাসেম, নির্বাহী প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। এসময়ে তিনি অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমগুলো সময়মত ও যথাযথভাবে বাস্তবায়নপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য বাপাউবো'র জোন/অঞ্চল সমূহের প্রধান প্রকৌশলী বরাবর একটি তাগিদপত্র প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্তকরনের বিষয়টি উপস্থাপন করেন। অত্র কমিটির সদস্য জনাব মোঃ আবদুর রশিদ মোল্লাহ, উপ-পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি এর অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS) এ বাপাউবো'র অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর নাম "সচিব, বোর্ড সচিবালয়" এর স্থলে পরিবর্তিত নতুন পদনাম "পরিচালক (বোর্ড)" অর্ন্তভুক্তকরনের বিষয়ে মতামত প্রদান করেন। কমিটির সকল সদস্য বিষয়টিতে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী ত্রৈমাসিকের বৈঠকের গৃহীত কার্যক্রমের অনুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়।

উল্লিখিত বিষয় সমূহের উপর আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করে।

## গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে বর্ণিত সেবাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম নির্দিষ্ট সেবায় অন্তর্ভুক্ত করতে হবে।

২। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি এর অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS) এ বাপাউবো'র অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর নাম "সচিব, বোর্ড সচিবালয়" এর স্থলে পরিবর্তিত নতুন পদনাম "পরিচালক (বোর্ড)" অর্ন্তভুক্ত করতে হবে।

৩। মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমগুলো সময়মত ও যথাযথভাবে বাস্তবায়নপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য বাপাউবো'র জোন/অঞ্চল সমূহের প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ বরাবর একটি তাগিদপত্র প্রেরণ করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৮/৪/২৩

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও আহ্বায়ক, উক্ত কমিটি।

নম্বর ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.১৪১/১(৭); তারিখঃ ১৮ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

**বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ**

০১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি।

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)।

০৩। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৪। উপ-পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

০৫। নির্বাহী প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

০৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

০৭। অফিস কপি/মাস্টার কপি।

১৮/০৪/২৩

(মোঃ মঈনুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।

সংযুক্তি-০২

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**"সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২০২২-২৩ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভা**

তারিখঃ ১৭ এপ্রিল, ২০২৩ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষ (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা,<br>বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি | অতিঃ প্রধান প্রকৌশলী (পুর) এর দপ্তর,<br>প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন<br>বাপাউবো, ঢাকা। | ২৭/৪/২৩ |
| মোঃ আবদুর রশিদ মোল্লাহ<br>উপ-পরিচালক | ভূমি ও রাজস্ব পরিদপ্তর<br>বাপাউবো, ঢাকা | ২৭/০৪/২০২৩ |
| আবু নাসের মোঃ কাসেম<br>নির্বাহী প্রকৌশলী (পুর) | মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর<br>বাপাউবো, ঢাকা। | ২৭/০৪/২৩ |